গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.mohpw.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
তারিখ	:	৩১-১০-২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ৪:০০ ঘটিকা
স্থান	:	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর সভাকক্ষ (ভবন নং-৫, কক্ষ নং-২০৪)

সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের নামের তালিকা "পরিশিষ্ট-ক"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ড. মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রথম কোয়ার্টার (০১ জুলাই/২০১৯ হতে সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত) এর প্রতিবেদন স্বমূল্যায়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে ১৫/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়েছে।

তিনি সভায় আরো জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম কোয়ার্টার (০১ জুলাই/২০১৯ হতে সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত) এর স্বমূল্যায়িত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয় কর্তৃক পুন:মূল্যায়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মন্ত্রণালয়ের এবং মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার সমন্বয় পূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উল্লিখিত যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচ্যসূচী অনুযায়ী এ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন কাঠামোতে বর্ণিত প্রত্যেকটি কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় নৈতিকতা কমিটির সদস্যগণ তাদের সুচিন্তিত মতামত প্রদানসহ কাঠামোতে উল্লিখিত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

(ক) এ মন্ত্রণালয়ের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ এর প্রতিটি কার্যক্রমের সাথে মন্ত্রণালয়ের যে শাখা/অধিশাখা সংশ্লিষ্ট সে সমস্ত শাখা/অধিশাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে উক্ত কার্যক্রম সম্পন্ন করে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রতি তিন মাস অন্তর (তিন মাস শেষ হওয়ার পরবর্তী মাসের প্রথম তারিখে) প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করবেন;

(খ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত বার্ষিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয় কর্তৃক পুন:মূল্যায়নপূর্বক জরুরী ভিত্তিতে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মো: শহীদ উল্লা খন্দকার
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

স্মারক নং-২৫.০০.০০০০.০২২.১৮.০১৯.১৯-৪৪৩

তারিখ : ০৫ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২০ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন-১/২/উন্নয়ন-১/২/মনিটরিং),গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. ড. মোঃ মনিরুল হুদা, যুগ্মসচিব (বাজেট অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. যুগ্মসচিব (প্রশাসন/প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্মপ্রধান (পরিকল্পনা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক, এইচ.বি.আর.আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর, ঢাকা।
১২. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা/প্রশাসন-১ অধিশাখা/প্রশাসন অধিশাখা-৬/উন্নয়ন অধিশাখা-৭/অধিশাখা-১০/১১/প্রশাসন-১৭ অধিশাখা/উন্নয়ন অধিশাখা-১৫), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. আইন কর্মকর্তা (আইন কোষ-১/২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. পরিচালক, অভ্যন্তরীন নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন শাখা-৮/প্রশাসন শাখা-১৩/প্রশাসন শাখা-৫/শাখা-১২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা শাখা-১/২/৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. অফিস কপি/মাস্টার ফাইল।

২০.১১.২০১৯
মোঃ মাহমুদুর রহমান হাবিব
উপসচিব
ফোন : ৯৫৭০৬৪৯